মেহেরপুরে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে জহুরুল কনস্ট্রাকশনের ট্রাক আটক, মামলা দায়ের

মেহেরপুর শহরে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে জহুরুল কনস্ট্রাকশন লিমিটেডের একটি বালুবাহী ট্রাক (ঢাকা মেট্রো-ট ২২-৫৭৫২) আটক করে আদালতে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলাটি করেন মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশ।

সূত্রমতে, আজ শনিবার (৬ মে) দুপুরেরর দিকে শহরের ভিতর দিয়ে জহুরুল কনস্ট্রাকশন লিমিটেডের একটি বালুবাহি খোলা ট্রাকে করে বালু নিয়ে মেহেরপুর শহরের মূল সড়ক দিয়ে দ্রুত গতিতে যাচ্ছিল। এসময় খোলা ট্রাক থেকে চারদিকে বালু উড়ে পথচারীদের চোখে মুখে প্রবেশ করে জনদুর্ভোগ সৃষ্টি হচ্ছিল।

এসময় মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ দুপুরে আদালতের কাজ শেষে বাসায় ফিরছিলেন। বিষয়টি তার নজরে এলে তিনি ট্রাকটিকে থামার সংকেত দেন। এরপর টহল ডিউটিতে কর্তব্যরত পুলিশ সদস্যদেরকে উক্ত ট্রাক এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। পুলিশ দ্রুত সেই চালক ও সহযোগীসহ ট্রাকটিকে আটক করে।

এরপর জনদুর্ভোগ সৃষ্টির দায়ে পুলিশ বাদী হয়ে আদালতে মামলা দায়ের করেন এবং দায়ী আসামিকে আদালতে উপস্থাপন করেন। আদালতে অভিযুক্ত চালক দোষ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন। এছাড়া ভবিষ্যতে এমন কাজ করবে না মর্মে অঙ্গীকার করে ক্ষমা ও জামিন প্রার্থনা করেন।

আদালত আগামীকাল পর্যন্ত আসামিদের জামিন মঞ্জুর করেন এবং পরবর্তী আদেশের জন্য দিন ধার্য করেন।